

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ অক্টোবর, ১৪২০ বঙ্গাব্দ/২৭ নভেম্বর, ২০১৩ খ্রিস্টাব্দ,

এস, আর, ও নং ৩৬৩-আইন/২০১৩—Explosives Act, 1884 (VI of 1884),
অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 18, section 5 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত
ক্ষমতাবলে সরকার বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ সংশোধনের প্রস্তাব এতদ্বারা
প্রাক-প্রকাশিত করিল, যথা:—

উপর-উক্ত বিধিমালায়—

(ক) বিধি ৩৩ এর উপ-বিধি (২) এ উল্লিখিত “৫০০ (পাঁচশত)” সংখ্যা, বন্ধনী ও শব্দের
পরিবর্তে “১,০০০ (এক হাজার) টাকা হারে সর্বোচ্চ ৮,০০০ (আট হাজার)”
সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি ১৮১ এর—

(অ) উপ-বিধি (৫) এ উল্লিখিত “২,০০০.০০” এবং “১,০০০.০০” সংখ্যাগুলি,
কমাগুলি ও ডটগুলির পরিবর্তে যথাক্রমে “৪,০০০ (চার হাজার)” এবং
“২,০০০ (দুই হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি
প্রতিস্থাপিত হইবে;

(আ) উপ-বিধি (১৬) এ উল্লিখিত “৫০০.০০” সংখ্যা ও ডটের পরিবর্তে “১,০০০
(এক হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি হইবে;

(১০৩৩৩)

মূল্য : টাকা ৪.০০

(গ) বিধি ১৮২ এর উপ-বিধি (১) এর দফা (ক) এর—

(অ) অনুচ্ছেদ (অ) তে উল্লিখিত “৩,০০০.০০” এবং “৮,০০০.০০” সংখ্যাগুলি ও ডটগুলির পরিবর্তে যথাক্রমে “৩,০০০ (ছয় হাজার)” এবং “১৫,০০০ (পনের হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) অনুচ্ছেদ (আ) তে উল্লিখিত “৫,০০০.০০” এবং “৯,০০০.০০” সংখ্যাগুলি, কমাগুলি ও ডটগুলির পরিবর্তে যথাক্রমে “১০,০০০ (দশ হাজার)” এবং “১৫,০০০ (পনের হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) বিধি ১৮২ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর—

(অ) অনুচ্ছেদ (ক) এ উল্লিখিত “২,০০০.০০” এবং “৯,০০০.০০” সংখ্যাগুলি, কমাগুলি ও ডটগুলির পরিবর্তে যথাক্রমে “৪,০০০ (চার হাজার)” এবং “১৫,০০০ (পনের হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) অনুচ্ছেদ (খ) এ উল্লিখিত “১,০০০.০০” এবং “৯,০০০.০০” সংখ্যাগুলি, কমাগুলি ও ডটগুলির পরিবর্তে যথাক্রমে “২,০০০ (দুই হাজার)” এবং “১৫,০০০ (পনের হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঙ) বিধি ১৮২ এর উপ-বিধি (১) এর দফা (গ) এর—

(অ) অনুচ্ছেদ (ক) এ উল্লিখিত “১,০০০.০০” এবং “৯,০০০.০০” সংখ্যাগুলি, কমাগুলি ও ডটগুলির পরিবর্তে যথাক্রমে “২,০০০ (দুই হাজার)” এবং “১৫,০০০ (পনের হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) অনুচ্ছেদ (খ) এ উল্লিখিত “৫০০.০০” এবং “৯,০০০.০০” সংখ্যাগুলি, কমা ও ডটগুলির পরিবর্তে যথাক্রমে “১,০০০ (এক হাজার)” এবং “১৫,০০০ (পনের হাজার)” সংখ্যাগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(চ) বিধি ১৮২ এর উপ-বিধি (১) এর—

(অ) দফা (ঙ) এ উল্লিখিত “২,০০০.০০” সংখ্যা, কমা ও ডটের পরিবর্তে “৪,০০০ (চার হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (চ) এ উল্লিখিত “৩,০০০.০০” সংখ্যা, কমা ও ডটের পরিবর্তে “৫,০০০ (পাঁচ হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ছ) বিধি ১৮২ এর উপ-বিধি (২) এর—

(অ) দফা (ক) এ উল্লিখিত “৩,০০০.০০” সংখ্যা, কমা ও ডটের পরিবর্তে “১০,০০০ (দশ হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (খ) এ উল্লিখিত “১,০০০.০০” সংখ্যা, কমা ও ডটের পরিবর্তে “২,০০০ (দুই হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। উপরি-উক্ত প্রস্তাবিত সংশোধনী দ্বারা ক্ষতিগ্রস্ত বা প্রভাবিত হইতে পারে এইরূপ সকল ব্যক্তির ক্ষতিার্থে এই মর্মে নোটিশ প্রদান করা যাইতেছে যে, প্রস্তাবিত সংশোধনী গেজেট আকারে প্রাক প্রকাশের তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত সংশোধনীর বিষয়ে কাহারও কোন পরামর্শ বা আপত্তি থাকিলে তিনি উহা নিম্নস্বাক্ষরকারী বরাবরে লিখিতভাবে প্রেরণ করিতে পারিবেন এবং সরকার উহা বিবেচনাক্রমে প্রস্তাবিত সংশোধনী চূড়ান্ত করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোস্তফা

অতিরিক্ত সচিব (প্রশাস/অপাঃ)।